


# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা
বর্ষ ০৩, সংখ্যা ০২, অক্টোবর-ডিসেম্বর, ২০২৩





*২০ডিসেম্বর,২০২৩ বুধবার ইজিসিবি'র ২৬-তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বিদ্যুৎ বিভাগ, বিউবো এবং ইজিসিবি'র কর্মকর্তাবৃন্দের একাংশ। সভায় ইজিসিবির সার্বিক বিষয়ে আলোচনা হয় এবং আলোচনা শেষে অতিথিবৃন্দ নৈশভোজে অংশ গ্রহণ করেন।*

## মহান বিজয় দিবস উপলক্ষে ইজিসিবিতে জাতীয় পতাকা উত্তোলন ও বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্নারে পুস্পস্তবক অর্পণ






*মহান বিজয় দিবসে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এছাড়াও ইজিসিবি'র পক্ষ হতে বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুস্পস্তবক অর্পণ করা হয়।*

৫২ বছর আগে এই দিনে রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশের জন্ম হয়েছিল । পাকিস্তান সেনাবাহিনীর নির্মম হত্যাযজ্ঞের মুখোমুখি হয়ে এই ভূমির স্বাধীনতাকামী জনগোষ্ঠী তাদের অটল সংকল্প ও অসীম আত্মত্যাগের বিনিময়ে ইতিহাসের ধারাকে বদলে দেয় এবং বাঙালি জাতিকে এক নতুন শুরুর দিকে নিয়ে যায়।

মহান বিজয় দিবস উৎযাপনের অংশ হিসেবে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে ১৬ ডিসেম্বর প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এছাড়াও বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় জীবনে বিজয় দিবসের তাৎপর্য ও গুরুত্ব সম্বলিত আলোচনা সভা এবং দোয়া-মাহফিল অনুষ্ঠিত হয়। ইজিসিবি'র পক্ষ হতে বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুস্পস্তবক অর্পণ করা হয়।

## ইজিসিবি'র ২৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

২০ ডিসেম্বর,২০২৩ বুধবার ইজিসিবি'র ২৬-তম বার্ষিক সাধারণ সভা বিদ্যুৎ ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ মহোদয়। এছাড়াও ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান, ইজিসিবি বোর্ডের পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পাওয়ার সেল এর মহাপরিচালক মহোদয় এবং বিদ্যুৎ বিভাগ ও বিউবো'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিদ্যুৎ বিভাগের সম্মানিত সিনিয়র সচিব মহোদয়, ইজিসিবি'র চেয়ারম্যান মহোদয়, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং পাওয়ার সেলের মহাপরিচালক মহোদয় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে ইজিসিবি'র সার্বিক দিক সম্পর্কে আলোকপাত করা হয় এবং ইজিসিবি'র উত্তরোত্তর উন্নয়ন ও সমৃদ্ধি কামনা করা হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ নৈশভোজে অংশগ্রহণ করেন।

## হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি তে ফায়ার ড্রিল ও কেমিক্যাল স্পিলেজ ড্রিল সম্পন্ন

ইজিসিবি'র আওতাধীন নারায়ণগঞ্জের হরিপুরে অবস্থিত ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের অগ্নি-নির্বাপন ব্যবস্থা সম্পর্কে সচেতনার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য গত ১৮ নভেম্বর,২০২৩ তারিখে একটি ফায়ার ড্রিল সম্পন্ন হয়। ড্রিলটি অত্র বিদ্যুৎ কেন্দ্রের প্রশাসন শাখা কর্তৃক আয়োজন করা হয়েছিলো। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ ড্রিলে অংশ নিয়েছিলেন।

ইজিসিবি'র আওতাধীন নারায়ণগঞ্জের হরিপুরে অবস্থিত ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের কেমিক্যাল স্পিলেজ সম্পর্কে সচেতনার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য গত ০৩ ডিসেম্বর,২০২৩ তারিখে একটি কেমিক্যাল স্পিলেজ ড্রিল সম্পন্ন হয়। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ ড্রিলে অংশ নিয়েছিলেন।





*হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রের ফায়ার ড্রিলের একাংশ*






*হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রের কেমিক্যাল স্পিলেজ ড্রিল ও ইলেক্ট্রিক্যাল শক ফার্স্ট এইডের একাংশ*

## ইজিসিবি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র সমুহের Annual Dependable Capacity Test সম্পন্ন

ইজিসিবি'র নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিপিপি, হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি এবং সিদ্ধিরগঞ্জে অবস্থিত ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এর Annual Dependable Capacity Test সম্পন্ন হয়েছে। বিউবো, পিজিসিবি এবং বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ উপস্থিতিতে Annual Dependable Capacity Test সম্পন্ন হয়।

## "শেখ রাসেল দিবস-২০২৩" উপলক্ষে বিদ্যুৎ ভবনস্থ শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল। মাত্র ১১ বছর বয়সে, ঘাতকের নির্মম বুলেটের আঘাতে মৃত্যুর কোলে ঢলে পড়েন। তিনি বেঁচে থাকলে হয়তো তার কর্মের দ্বারা বাঙালি জাতির ইতিহাসে উজ্জল অবদান রাখতেন। কারন সেই শিশু বয়সেই ব্যক্তিত্বের মাধ্যমে তার স্বরূপ প্রকাশ করেছিলেন। তার কয়েক বৎসরের জীবন বাঙালি জাতির ইতিহাসকে এতই প্রভাবিত করেছেন যে, তিনি বঙ্গবন্ধুর সর্বকনিষ্ঠ পুত্রের আসন থেকে নেমে এসে আমাদের বন্ধু হয়ে উঠেছেন।

১৮ অক্টোবর,২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৬০ তম জন্মদিন। ১৯৬৪ সালের এই দিনে ধানমন্ডির ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত বঙ্গবন্ধু ভবনে জন্মগ্রহণ করেন শেখ রাসেল। ১৯৭৫ সালের ১৫ আগস্ট মানবতার শত্রু ঘৃণ্য ঘাতকদের নির্মম বুলেট থেকে রক্ষা পাননি শিশু শেখ রাসেল। বঙ্গবন্ধুর সাথে নরপিশাচরা নির্মমভাবে তাকেও হত্যা করেছিল।

শহীদ শেখ রাসেলের জন্মদিন এবং "শেখ রাসেল দিবস-২০২৩" উপলক্ষে বিদ্যুৎ ভবনস্থ শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে ইজিসিবি কর্তৃক পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।



*বিদ্যুৎ ভবনস্থ শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের একাংশ*

## ইজিসিবি এবং Marubeni কর্তৃক জয়েন্ট ভেঞ্চারের মাধ্যমে ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে "Feni Solar Power Company Limited" গঠনের নিমিত্ত Joint Venture Agreement (JVA) স্বাক্ষর

বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে চট্টগ্রাম বিভাগের ফেনী জেলার সোনাগাজী উপজেলায় সরকারী মালিকানাধীন "ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি)" এবং জাপানের "Marubeni Corporation" কর্তৃক জয়েন্ট ভেঞ্চারের মাধ্যমে ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ০৩ অক্টোবর ২০২৩ তারিখে একটি Joint Venture Agreement (JVA) স্বাক্ষরিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ; জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ নূরুল আলম; বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত কিমিনোরি ইওয়ামা এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ মাহবুবুর রহমান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব ও ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ উক্ত প্রকল্পের জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট স্বাক্ষরের বিষয়ে সন্তোষ প্রকাশ করে স্বল্প সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের উল্লেখযোগ্য অগ্রগতি সাধনের আশাবাদ ব্যক্ত করেন, যাতে জ্বালানির বহুমুখীকরণ হয় এবং জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা কমানো যায়। ইজিসিবি'র পক্ষে জনাব কাজী নজরুল ইসলাম, কোম্পানি সচিব এবং মারুবেনী কর্পোরেশনের প্রতিনিধি জনাব মরো শিনো, প্রেসিডেন্ট এন্ড সিইও, মারুবেনী এশিয়ান পাওয়ার সিঙ্গাপুর লিঃ জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্টে স্বাক্ষর করেন।








ইজিসিবি এবং *Marubeni* কর্তৃক জয়েন্ট ভেঞ্চারের মাধ্যমে ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে "*Feni Solar Power Company Limited*" গঠনের নিমিত্ত *Joint Venture Agreement (JVA)* স্বাক্ষর

**প্রকল্পের সার-সংক্ষেপঃ**

- ✓ প্রকল্পের নামঃ ১০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, সোনাগাজী, ফেনী।
- ✓ অবস্থানঃ পূর্ব বড়ধলী মৌজা, ৬ নং চড় চান্দিনা ইউনিয়ন, সোনাগাজী, ফেনী।
- ✓ ইজিসিবি কর্তৃক অধিগ্রহণকৃত ভূমির প্রায় ৩৫০ একর ভূমি প্রজেক্ট কোম্পানিকে লীজ প্রদান করা হবে।
- ✓ ৭৫ মেগাওয়াট সৌর প্রকল্পের আওতায় নির্মাণাধীন ২৩০ কেভি ১৩.৩ কি.মি. সঞ্চালন লাইনের মাধ্যমে উক্ত বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ সঞ্চালন করা হবে।
- ✓ ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি) প্রকল্পের ট্যারিফ অনুমোদন করে।
- ✓ প্রকল্পের স্পন্সরঃ ইজিসিবি (৫০%), মারুবেনী (৫০%)
- ✓ প্রজেক্ট কোম্পানির নামঃ "Feni Solar Power Company Limited"
- ✓ বিদ্যুৎ কেন্দ্রটি হতে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের সম্ভাব্য সময় – জুন ২০২৬।

## ইজিসিবি তে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান বিষয়ক , তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধিমালা, প্রবিধিমালা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা সহ সংশ্লিষ্ট এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

ইজিসিবিতে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ১০/১০/২০২৩ তারিখে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "ইজিসিবি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের প্রথম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান বিষয়ক" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে জনাব মোঃ আবু হেনা ফয়জুল হক, মহাব্যবস্থাপক (এইচআর) উপস্থিত ছিলেন । উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ১৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



ইজিসিবিতে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২৬/১০/২০২৩ তারিখে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "তথ্য অধিকার আইন,২০০৯ এর বিধিমালা, প্রবিধিমালা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা সহ সংশ্লিষ্ট" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে তথ্য কমিশনের সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ সালাহ উদ্দিন উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৭৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



ইজিসিবিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়নের লক্ষ্যে ২৪/১২/২০২৩ তারিখে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে জনাব মোঃ নাজমুল আলম, নির্বাহী পরিচালক (পিএন্ডডি) ও জনাব মোঃ রেজওয়ান-উল-ইসলাম, নির্বাহী প্রকৌশলী (আইসিটি) উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৪৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



*ইজিসিবি'র বিভিন্ন প্রশিক্ষণের স্থিরচিত্র*

## ইজিসিবি লিঃ এর বিদায়ী চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ এঁর বিদায়ী সংবর্ধনা এবং নবযোগদানকৃত চেয়ারম্যান জনাব তানিয়া খান, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ এঁর দায়িত্ব গ্রহণ অনুষ্ঠিত



০১ নভেম্বর, ২০২৩ তারিখে ইজিসিবি'র কর্পোরেট দপ্তরের কনফারেন্স রুমে ইজিসিবি লিঃ এর সদ্য বিদায়ী চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। ইজিসিবির প্রতি তাঁর আন্তরিক শ্রম ও সেবার জন্য তাঁকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।



০৭ নভেম্বর, ২০২৩ তারিখে ইজিসিবি'র কর্পোরেট দপ্তরের কনফারেন্স রুমে ইজিসিবি লিঃ এর নবযোগদানকৃত চেয়ারম্যান জনাব তানিয়া খান, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয়কে ফুল দিয়ে স্বাগত জানানো হয়। এ সময় ইজিসিবি লিঃ এর অতীত অর্জনসমূহ, বর্তমান কর্মকান্ড এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা হয় এবং তাঁর সুযোগ্য নের্তৃত্বে ইজিসিবি লিঃ তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌছাবে সেই আশাবাদ ব্যক্ত করা হয়।

## ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ও কর্পোরেট দপ্তরে Employee of the month নির্বাচিত







*ইজিসিবি'র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র হতে অক্টোবর-ডিসেম্বর ২০২৩ মাসের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে নির্বাচিত Employee of the month*